

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
আনসারী ভবন (৪র্থ তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা-১০০০।

বিষয়ঃ স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবন সংক্রান্ত ৫ম সভার কার্যবিবরণী

সভাপতিঃ ড. মোঃ শাহাদৎ হোসেন মাহসুদ, মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

তারিখঃ ২৯/০৪/২০২১ খ্রি.

সময়ঃ সকাল ১০:০০ টা


স্থানঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪০৭, আনসারী ভবন, ৪র্থ তলা, ১৪/২ তোপখানা রোড, ঢাকা) এবং জুম প্রাটফরম

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করার অনুমতি প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব ড. লায়লা আখতার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃষ্টিকরণ করা হয়। নির্ধারিত বিষয়বলীর বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১।	ওয়েবসাইট উন্নয়ন	জনাব মোঃ আখতারুজ্জামান, প্রোগ্রাম ম্যানেজার (যুগ্মসচিব) ওয়েবসাইট উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ/কর্মশালার গুরুত্ব তুলে ধরেন এবং পরিচালক (প্রশাসন) জনাব এ. ওয়াই. এম. জিয়াউদ্দিন আল মামুন, বলেন, বিষয়টি যেহেতু টেকনিক্যাল, কাজেই এটি অনলাইনে তেমন ফলপ্রসূ হবে না। কোভিড পরিস্থিতির উন্নতি হলে প্রশিক্ষণটি ইন-পার্সন আয়োজন করার ব্যাপারে তিনি মত দেন। পরিচালক (গবেষণা) ড. মোঃ নূরুল আমিন a2i এর রিসোর্স পার্সন এনে প্রশিক্ষণটি সম্পন্ন করার জন্য পরামর্শ দেন।	ওয়েবসাইট উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করতে হবে।	ড. মোঃ নূরুল আমিন, পরিচালক (গবেষণা) ও মাজহারুল ইসলাম উপপরিচালক-৩
২।	উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং এ প্রেরণ	ড. লায়লা আখতার জানিয়েছেন সিলেটে নলেজ শেয়ারিং প্রোগ্রামটি ফাইলে অনুমোদিত হয়েছিল কিন্তু কোভিড পরিস্থিতির অবনতি ঘটায় সেটি স্থগিত করা হয়। কোভিড পরিস্থিতির উন্নতি হলে পরবর্তীতে নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন করা যেতে পারে।	কোভিড পরিস্থিতির উন্নতি হলে সিলেটে একটি নলেজ শেয়ারিং প্রোগ্রামের আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও ড. লায়লা আখতার উপপরিচালক-২
৩।	নূন্যতম ১টি ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়ন করা	টাঙ্গাইলের ঘাটাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সেবা কার্যক্রম অটোমেশনের আওতায় আনার প্রক্রিয়াটি গত বছরে শুরু হয়ে চলমান রয়েছে। সিস্টেমস এনালিস্ট মেহেদি হাসান এ বিষয়ে অগ্রগতি উপস্থাপন করেন। তিনি বলেন, প্রোগ্রামটির সাথে সংশ্লিষ্ট ডাক্তার, নার্স এবং ফার্মাসিস্টদের প্রশিক্ষণের আয়োজন করা দরকার। ড. মোঃ নূরুল আমিন, পরিচালক (গবেষণা) বলেন যে, যেহেতু এটি বাস্তবায়নের সাথে ইনোভেশনের সংশ্লিষ্টতা রয়েছে এবং এই অফিসের পারফরমেন্সের সাথে বিষয়টি যুক্ত রয়েছে, কাজেই আগামী মে (২০২১) মাসের মধ্যে এর বাস্তবায়ন করা প্রয়োজন।	টাঙ্গাইলের ঘাটাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে Hospital Automation এর কাজটি দ্রুত বাস্তবায়ন করতে হবে।	পরিচালক (গবেষণা) ও এসএসকে টিম
৪।	সেবা সহজীকরণে ই-নথি ব্যবহার	ওয়েবসাইট সংস্কারের কাজ চলমান ছিলো বিষয়টি ই-ফাইলিং কার্যক্রম এর গতি শ্রুত হয়ে পরেছিলো। বর্তমানে ওয়েবসাইট সংস্কারের কাজ সম্পন্ন হয়েছে, কাজেই আবার পুরোদমে ই-ফাইলিং চালু করা সম্ভব। নতুন কর্মকর্তাদেরকে অন্তর্ভুক্ত করে	সকল কাজে ই-নথি ব্যবহার করতে হবে। কমপক্ষে ৫০% ফাইল যাতে ই-নথিতে সম্পন্ন	সকল কর্মকর্তা ও মেহেদি হাসান সিস্টেমস এনালিস্ট

		প্রশাসনিক অনুমোদন দিয়ে এবং ই-ফাইলে প্রবেশাধিকার দিয়ে পুনরায় ই-ফাইলিং চালু করার জন্য পরিচালক (গবেষণা) সিস্টেম এনালিস্টকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন ও ই-ফাইলিং বাস্তবায়নের বিষয়ে প্রশাসনিক কর্মকর্তার উদ্যোগের প্রশংসা করেন। ৫০% ফাইল যাতে ই-ফাইলিং এ সম্পন্ন হয় সে বেপারে পরিচালক (প্রশাসন) নির্দেশনা প্রদান করেন।	করতে হবে।	
৫।	চলমান প্রকল্পসমূহ পরিদর্শন	চলমান পাইলট প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন করতে হবে ও প্রয়োজনীয় ক্ষেত্রে সহায়তা প্রদান করতে হবে। মে মাসের ৪র্থ সপ্তাহে একটি ও জুন মাসের ২য় সপ্তাহে একটি পরিদর্শন সম্পন্ন করা প্রয়োজন।	বর্তমান অর্থবছরের মে মাসের ৪র্থ সপ্তাহে একটি ও জুন মাসের ২য় সপ্তাহে একটি পরিদর্শন সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক ও ইনোভেশন টিম
৬।	সক্ষমতা বৃদ্ধি	উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালাটি সম্পন্ন হয়েছে। সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণটি অনলাইনে করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া প্রয়োজন।	মে/২০২১ এর মধ্যে প্রশিক্ষণটি আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও ড. লায়লা আখতার উপপরিচালক-২
৭।	উদ্ভাবকগণকে স্বীকৃতি বা প্রণোদনা প্রদান	উদ্ভাবন প্রকল্পের সাথে জড়িত উদ্ভাবকগণকে সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদানের মাধ্যমে পুরস্কৃত করা প্রয়োজন।	উদ্ভাবন প্রকল্পের সাথে জড়িত উদ্ভাবকগণকে স্বীকৃতি বা প্রণোদনা স্বরূপ সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদানের মাধ্যমে পুরস্কৃত করতে হবে।	মহাপরিচালক
৮।	ডকুমেন্টেশন ও প্রকাশনা তৈরি	বাস্তবায়িত উদ্ভাবনী প্রকল্পের এবং সেবা সহজীকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশ করতে হবে। এ বিষয়ে সভাপতি ভিডিও ডকুমেন্টেশন ইতোমধ্যে তৈরী হয়েছে বলে সভাকে জানান।	প্রস্তুতকৃত ভিডিও ডকুমেন্টেশনের কপি ইনোভেশন টিমের সদস্য সচিবের নিকট জমা দিতে হবে।	ড. মোঃ নুরুল আমিন, পরিচালক (গবেষণা) ও মেহেদি হাসান সিস্টেমস এনালিস্ট

পরিশেষে আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ)
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
 ও
 সভাপতি